গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী।
www.dss.rajbari.gov.bd

**বিষয়ঃ টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ বাস্তবায়ন সংক্রান্ত জেলা কমিটি সভার কার্যবিবরণী।**

সভাপতি : দিলসাদ বেগম
জেলা প্রশাসক, রাজবাড়ী।
তারিখ : ২৯/১২/২০২১ খ্রি:।
সময় : বিকাল ০৪.৩০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী ।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা নথিতে সংরক্ষিত)

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় । কমিটির সদস্য-সচিব উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় , রাজবাড়ীকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করা হয় । অতঃপর সদস্য সচিব আলোচ্যসুচী অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী/ তদারকি কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. | ডিসেম্বর/২১ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়করণঃ ২৯/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | দপ্তর প্রধান (সকল) |
| ২. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী জানান টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) ২০৩০ অর্জন নিশ্চিতকল্পে জেলা, উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা করে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সেপ্রেক্ষিতে ২৯/১১/২১ তারিখের জেলা কমিটির সভায় উপজেলা কমিটির সভা নিয়মিত আয়োজনের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়। | টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটির সভা প্রতিমাসে নিয়মিত আয়োজন এবং সভার কার্যবিবরণী জেলা প্রশাসক,রাজবাড়ী বরাবর প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৩. | কর্মপরিকল্পনা প্রণয়ন অগ্রগতিঃ সদস্য সচিব জানান, জেলা পর্যায়ে কর্মরত ৪৭(সাতচল্লিশ) টি সরকারি দপ্তরের মধ্য হতে ১৬(ষোল) টি দপ্তর হতে কর্মপরিকল্পনা পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৩১(একত্রিশ) টি দপ্তর হতে কর্মপরিকল্পনা পাওয়া যায়নি। তিনি আরও জানান ইতিপূর্বে কর্মপরিকল্পনার ছক সংশ্লিষ্ট দপ্তরসমূহে মেইল করা হয়েছে এবং জেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েবসাইটে তা আপলোড করা হয়েছে। এছাড়া কর্ম পরিকল্পনা প্রণয়নের সুবিধার্থে জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ীর ওয়েব সাইটের এসডিজি সেবাবক্সে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, | যে সকল দপ্তর হতে অদ্যাবধি কর্ম পরিকল্পনা পাওয়া যায়নি তারা আগামী ১০ জানুয়ারী ২০২২ তারিখের মধ্যে সরবরাহকৃত ছক মোতাবেক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক জেলা সমাজসেবা কার্যালয় রাজবাড়ী বরাবর প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

| | | | |
|---|---|---|---|
| | নাটোর মডেল, কর্মপরিকল্পনা ছকসহ এসডিজি সর্ম্পকিত প্রয়োজনীয় তথ্যাদি আপলোড করা হয়েছে। | | |
| ৪. | স্থানীয় অগ্রাধিকারমূলক টেকসই উন্নয়ন সূচক এর বাস্তবায়নঃ ২৭/০৬/১৯ তারিখে অনুষ্ঠিত এসডিজি বিষয়ক কর্মশালায় রাজবাড়ী জেলার স্থানীয় অগ্রাধিকারমূলক টেকসই উন্নয়ন সূচক নিরাপদ সবজি ও মসলা জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাণিজ্যিকীকরণকে নির্ধারণ করা হয় । উক্ত সূচকের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনায় অংশ নিয়ে কৃষি কর্মকর্তা জনান সদর উপজেলার ৩(তিন) টি গ্রামে নিরাপদ সবজি উৎপাদন করা হচ্ছে। উৎপাদিত সবজি বিক্রয়ের জন্য সদর উপজেলা পরিষদ ও মডেল মসজিদের মধ্যবর্তী স্থানে নিরাপদ সবজি বাজার স্থাপন করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর সম্মতি প্রদান করেছেন । প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায় আউটলেট তৈরী করা সম্ভব হচ্ছেনা। | সদর উপজেলা পরিষদ ও মডেল মসজিদের মধ্যবর্তী স্থানে নিরাপদ সবজি বাজার স্থাপন করার লক্ষ্যে আউটলেট নির্মানের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর এবং উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদরকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী , উপজেলা নির্বাহী অফিসার , রাজবাড়ী সদর এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রাজবাড়ী |
| ৫. | এসডিজি ৪. ক. ১. লক্ষ্যমাত্রার বাস্তবায়নঃ ২১/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতা ভিত্তিক গুণগত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শতভাগ বিদ্যালয় বিদ্যুৎ, ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন ব্যবস্থার বিষয়ে সভায় আলোচনা করা হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রাজবাড়ী উক্ত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনায় অংশ নিয়ে যে সকল বিদ্যালয়ে ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন ব্যবস্থা নেই তার তালিকা সভায় উপস্থাপন করেন (তালিকা পরিশিষ্ট "ক")। তিনি আরও জানান প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায় তালিকাভুক্ত বিদ্যালয়সমূহে শতভাগ ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা সম্ভব হচ্ছেনা।<br>জেলা শিক্ষা অফিস হতে চাহিত প্রতিবেদন পাওয়া যায়নি বিধায় তা প্রেরণের জন্য পুনরায় অনুরোধ জানানো হয়। | ক) যে সকল বিদ্যালয়ে ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন ব্যবস্থা নেই সে সকল বিদ্যালয়ে ইন্টারনেট, নিরাপদ খাবার পানি ও পৃথক স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) জেলা শিক্ষা অফিসার,রাজবাড়ীকে চাহিত প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসার রাজবাড়ী। |
| ৬. | ফোকাল পার্সন নির্বাচন সংক্রান্ত আলোচনাঃ<br>সদস্য সচিব জানান টেকসই উন্নয়ন অভিষ্ঠসমূহ বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে তথ্য সংগ্রহ ও প্রতিবেদন প্রেরণ কার্যক্রম সহজ ও সাবলীল করার লক্ষ্যে প্রতিটি দপ্তরে একজন ফোকাল পার্সন | যে সকল দপ্তর ফোকাল পার্সন নির্বাচনপূর্বক ফোকাল পার্সনের নাম, পদবী, মোবাইল নম্বর এবং ইমেইল ঠিকানা প্রেরণ করেননি সে সকল দপ্তর ফোকাল পারসন সর্ম্পকিত তথ্য জেলা সমাজসেবা কার্যালয় | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

| | | | |
|---|---|---|---|
| | নির্বাচনপূর্বক ফোকাল পার্সনের নাম, পদবী, মোবাইল নম্বর এবং ইমেইল ঠিকানা জেলা সমাজসেবা কার্যালয় রাজবাড়ী বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। অদ্যাবধি ০৭টি দপ্তর হতে চাহিত তথ্য পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৪০ টি দপ্তর থেকে ফোকাল পার্সন সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি। | রাজবাড়ী বরাবর প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৭. | <u>জেন্ডার সমতা সংক্রান্ত ৫.৩.১ লক্ষ্যমাত্রার বাস্তবায়নঃ</u> শিশু বিবাহ, বাল্যবিবাহ, ও জোর পূর্বক বিবাহ প্রথা অবসানের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি সহ বিভিন্নমূখী পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি সর্ম্পকে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর উপস্থাপিত প্রতিবেদন সভায় পাঠ করা হয়। প্রতিবেদন পর্যালোচনা দেখা যায় জুলাই ২১ইং হতে নভেম্বর ২১ইং পর্যন্ত রাজবাড়ী জেলায় ১)সদর উপজেলায় ১০(দশ) টি, ২)পাংশা উপজেলায় ০৮(আট) টি, ৩)কালুখালী উপজেলায় ০৪(চার) টি, ৪)বালিয়াকান্দি উপজেলায় ০৬(ছয়) টি, ৫)গোয়ালন্দ উপজেলায় ০৭(সাত) টি, সর্বমোট ৩৫ টি বাল্য বিবাহ রোধ করা হয়েছে। | শিশু বিবাহ, বাল্য বিবাহ, ও জোরপূর্বক বিবাহ রোধ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর রাজবাড়ী কার্যক্রম আব্যাহত রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর রাজবাড়ী। |
| ৮ | <u>ওয়েব সাইটে তথ্য আপলোড এবং হালনাগাদকরণ:</u> টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) **বাস্তবায়ন** সর্ম্পকিত তথ্য স্ব স্ব দপ্তরের ওয়েব সাইটে আপলোডকরণ এবং যে সকল দপ্তরের ওয়েব সাইট অদ্যাবধি চালু হয়নি বা ওয়েব সাইটে তথ্য হালনাগাদ করা হয় না; সেসকল দপ্তর স্ব স্ব ওয়েব সাইট হালনাগাদ করবেন মর্মে সভায় আলোচনা হয় । | ক) সকল দপ্তর স্বীয় ওয়েব সাইটে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়ন সর্ম্পকিত তথ্য আপলোড করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) সকল দপ্তর স্ব স্ব ওয়েব সাইটে তথ্য আপলোড এবং হালনাগাদকরনেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১/১/২২

(দিলসাদ বেগম)
জেলা প্রশাসক
রাজবাড়ী।
ফোন : ০৬৪১-৬৫৪০৫
ফোন : ০১৭৩৩৩৩৬৪০০
E-mail: dcrajbari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজসেবা কার্যালয়
রাজবাড়ী
www.dss.rajbari.gov.bd

স্মারকনং -৪১.০১.৮২০০.০০০.১২.০০১.১৯. ৩২ তারিখ-০৩/০১/২০২২খ্রি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। বিভাগীয় কমিশনার ঢাকা বিভাগ, ঢাকা।
০২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। --------------------------------------, সদস্য।

০৩/০১/২২
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী।